

ইকফাই-এ অভিযুক্তদের
আইনী অধিকার শীর্ষক
আলোচনাচক্র আয়োজিত

কামালঘাট, ৩১ মার্চ ৪

সংশোধনাগারের বন্দী এবং বিভিন্ন মামলায় অভিযুক্তদের আইনী অধিকার নিয়ে সময়োপযোগী এক আলোচনাচক্রের আয়োজন করলো ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। শনিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত সেখানে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন ত্রিপুরা উচ্চ আদালতের মাননীয় বিচারপতি শুভাশীষ তলাপাত্র। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ। উপস্থিত ছিলেন ইকফাই ল' স্কুলের অধ্যক্ষা ডঃ মালবিকা তালুকদার। আলোচনাচক্রে আইন শিক্ষার্থীদের উপস্থিতি ও উৎসাহ ছিল চোখে পড়ার মত।

আলোচনায় তথ্য উঠে আসে, দেশের বিভিন্ন সংশোধনাগারে ধারণক্ষমতার তুলনায় অনেক বেশীসংখ্যক দন্ডাজ্ঞাপ্রাপ্ত কয়েদী এবং বিচারধীন আসামীকে রাখা হয়। অথচ দেশের সংবিধানে সবার সমান আইনী অধিকার সুনিশ্চিত করার কথা বলা হয়েছে। ইকফাই ল' স্কুলের অধ্যক্ষা ডঃ মালবিকা তালুকদার উনার ভাষণে জানান, আইনী ব্যবহারতত্ত্বে বলা হয়েছে আনীত অভিযোগ সম্পূর্ণরূপে প্রমান সাপেক্ষে শুধুমাত্র অনুমানের উপর নির্ভর করে কাউকেই সাজা দেওয়া যাবেনা।

প্রধান বক্তার ভাষণে বিচারপতি শুভাশীষ তলাপাত্র বলেন, সংবিধান রক্ষায় ও আইনের সঠিক প্রয়োগে আইনবিষয়ক পড়াশুনা অত্যন্ত জরুরী। পাশাপাশি আইনের সঠিক ব্যাখ্যার জন্য মতের আদান-প্রদান ও আলোচনাচক্রের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সাজাপ্রাপ্ত বন্দী ও অভিযুক্তদের আইনী অধিকার শীর্ষক আলোচনাচক্রের আয়োজন করার জন্য তিনি ইকফাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং মনযোগ সহকারে অধ্যয়নের জন্য বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের প্রতি আহবান রাখেন।

প্রেস বিবৃতি